



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(খন্ড-১)/ ৩৩৪

তারিখ: ০৭.১২.২০২৩ খ্রি.

বিষয়: উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রকাশকরণ।

সূত্র: ১) এসইডিপি'র গত ০৯.১১.২০২৩ তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ০৪ এর ১ নং সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র আওতায় সারাদেশের সাধারণ শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণির দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধা প্রদান করা হয়। প্রতি শিক্ষাবর্ষে ৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে), ১১শ ও সমমান শ্রেণিতে উপবৃত্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠান HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে শিক্ষার্থীদের আবেদন অনলাইনে এন্ট্রি করে। HSP-MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত এবং উপজেলা/থানা পর্যায়ে যাচাইঅন্তে মনোনীত শিক্ষার্থীদের তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য PMEAT-তে প্রেরণ করা হয়। PMEAT-তে উক্ত তালিকা হতে উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং কমিটি নামক একটি আন্তঃমন্ত্রণালয়/সংস্থা পর্যায়ের সর্বোচ্চ জাতীয় কমিটি কর্তৃক Cut off Marks নির্ধারণপূর্বক উপবৃত্তির জন্য চূড়ান্তভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়। উক্ত কমিটি কর্তৃক উপবৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা HSP-MIS সফটওয়্যার হতে সংগ্রহ করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে এবং উক্ত তালিকা শিক্ষার্থী অধ্যয়নকালীন পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

এমতাবস্থায়, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে প্রতি শিক্ষাবর্ষে উপবৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

HSP-MIS সফটওয়্যার থেকে উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সংগ্রহ করার নিয়ম:

- HSP-MIS সফটওয়্যারে লগইন করুন;
- ড্যাশবোর্ড থেকে 'রিপোর্ট' অপশন নির্বাচন করুন;
- 'রিপোর্ট' অপশন থেকে 'শিক্ষার্থীর রিপোর্ট' অপশন নির্বাচন করুন;
- অনুসন্ধান বক্সে রিপোর্টের নাম অপশনে 'উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী বিবরণী রিপোর্ট' নির্বাচন করুন;
- অর্থবছর এবং সংশ্লিষ্ট শ্রেণি নির্বাচন করুন;
- সর্বশেষ 'খুজুন' বাটনে ক্লিক করুন;
- উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সংগ্রহ করুন।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।

সকল উপজেলা/থানা।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলী রোড, ঢাকা।
- ০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৭। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

HSP File New-179

(মোহাম্মদ আসাদুল হক)

স্কিম পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ০২-৫৫০০২০৭৩